**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

### ঢাকা, রোববার ১৩ নভেম্বর ২০১৬, ২৯ কার্তিক ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সংখ্যালঘুদের নিরাপত্তা দিতে হবে, এটা আমাদের দায়িত্ব : প্রধানমন্ত্রী

২। জলবায়ু সম্মেলনে যোগদানের জন্য প্রধানমন্ত্রী আগামীকাল মরক্কো যাচ্ছেন

৩। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের চুরি যাওয়া অর্থের দেড় কোটি ডলার ফেরত দিয়েছে ফিলিপাইন

৪। নোটবই থেকে প্রশ্ন করলে অভিযুক্ত ব্যক্তিকে সাসপেন্ড করা হবে : শিক্ষামন্ত্রী

৫। খুলনা-কোলকাতা ট্রেন চলবে আগামী বছর
: মৈত্রী এক্সপ্রেসের চতুর্থ ট্রিপ উদ্বোধনকালে রেলপথমন্ত্রী

৬। ঢাকার কেরানীগঞ্জে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন করা হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৭। সাম্প্রদায়িক সহিংসতা রোধে আইনশৃঙ্খলা বাহিনীকে
সচেতন হওয়ার আহ্বান : প্রধান বিচারপতি

৮। জিএসপি ফিরিয়ে দিতে নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প
সরকারের সাথে আলোচনা করবেন বার্নিকাট

৯। প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগের ফল প্রকাশ

১০। রাজধানীর স্কুলে ভর্তি ফরম বিতরণ শুরু

১১। মরক্কোর মারাকেশ সম্মেলনে বাংলাদেশের কার্বন কমানোর উদ্যোগের প্রশংসা
পরিবেশের ‘অস্কার’ পেল বান্দরবানের বেসরকারি সংস্থা তাজিংডং

চলমান পাতা-২

**১।    সংখ্যালঘুদের নিরাপত্তা দিতে হবে, এটা আমাদের দায়িত্ব : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সংখ্যালঘু সম্প্রদায়কে আমাদের সবসময় নিরাপত্তা দিতে হবে। তিনি বলেন, আমি কৃতজ্ঞতা জানাই জনগণের প্রতি সকলে আমার ডাকে সাড়া দিয়ে প্রতিরোধ গড়ে তুলেছিলেন। যে কারণে আমরা সন্ত্রাস ও জঙ্গিবাদ নিয়ন্ত্রণ করতে পেরেছি। কিন্তু এখনও যে ঘটনাগুলো ঘটছে সেগুলো যেন আর না ঘটে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল **১২** নভেম্বর শনিবার তার সরকারি বাসভবন গণভবনে থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজশাহী বিভাগের সর্বস্তরের জনগণের সঙ্গে সন্ত্রাস-জঙ্গিবাদবিরোধী উন্নয়ন সংক্রান্ত বিষয়ে মতবিনিময়কালে একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)। **জনকণ্ঠ, অবজারভার, এশিয়ান এজ, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**যুগান্তর, ইত্তেফাক, জনকণ্ঠ, প্রথম আলো**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।    জলবায়ু সম্মেলনে যোগদানের জন্য প্রধানমন্ত্রী আগামীকাল মরক্কো যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব জলবায়ু সম্মেলনে যোগদানের জন্য তিন দিনের সফরে আগামীকাল **১৪** নভেম্বর সোমবার মরক্কোর মারাকেশের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। আগামী **১৫** নভেম্বর মঙ্গলবার কনফারেন্স অব দ্য পার্টিস (কপ-২২) এর উচ্চ পর্যায়ের সভায় জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশের অবস্থান তুলে ধরবেন এবং যৌথভাবে এই বিরাট চ্যালেঞ্জ মোকাবিলায় কাজের গতি ত্বরান্বিত করার জন্য বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানাবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৪)।

**৩।    বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের চুরি যাওয়া অর্থের দেড় কোটি ডলার ফেরত দিয়েছে ফিলিপাইন**

যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভে গচ্ছিত বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে হ্যাকিংয়ের মাধ্যমে চুরি যাওয়া দেড় কোটি ডলার ফেরত দিয়েছে ফিলিপাইন। বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর আবু হেনা মো. রাজি হাসান গতকাল **১২** নভেম্বর শনিবার এই তথ্য জানিয়ে বলেন, আমাদের অ্যাম্বাসেডর ফেরত পাওয়া অর্থ গ্রহণ করেছেন। এটার প্রসেসিং চলছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)। **জনকণ্ঠ, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে

**৪।    নোটবই থেকে প্রশ্ন করলে অভিযুক্ত ব্যক্তিকে সাসপেন্ড করা হবে : শিক্ষামন্ত্রী**

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় ঢাকা শিক্ষা বোর্ডে বাংলা প্রথম পত্রের প্রশ্ন হুবহু গাইড বই থেকে তুলে দেওয়া শিক্ষককে সাসপেন্ড ও তার বেতন ভাতা বন্ধের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। মন্ত্রী বলেন তদন্ত করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) গতকাল **১২** নভেম্বর শনিবার কৃতী শিক্ষার্থী সংবর্ধনা ও বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান। ডিআরইউর সদস্যদের সন্তানদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলের জন্য এ সংবর্ধনা ও বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৭), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৫।    খুলনা-কোলকাতা ট্রেন চলবে আগামী বছর : মৈত্রী এক্সপ্রেসের চতুর্থ ট্রিপ উদ্বোধনকালে রেলপথমন্ত্রী**

রেলপথমন্ত্রী মুজিবুল হক জানিয়েছেন অগামী বছরের প্রথম দিকে খুলনা থেকে কোলকাতা যাওয়ার ট্রেন চালু করা হবে। আর চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত রেললাইন নির্মাণ করা হবে। গতকাল **১২** নভেম্বর শনিবার বাংলাদেশ ও ভারতের মধ্যে চলাচলকারী মৈত্রী এক্সপ্রেস ট্রেনের চতুর্থ ট্রিপের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.৭)।

**৬।    ঢাকার কেরানীগঞ্জে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন করা হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, কেরানীগঞ্জে বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন করা হবে। ইতোমধ্যে উৎপাদন কেন্দ্র স্থাপনের জন্য জায়গা নির্ধারণ করে দরপত্র আহ্বান করা হয়েছে।

প্রকল্পটিতে সম্পূর্ণ বিদেশি প্রযুক্তি ব্যবহার করা হবে। কেরানীগঞ্জে এ প্রকল্প সফল হলে সারা দেশের বিভিন্ন উপজেলায় এ ধরনের প্রকল্প চালু করা হবে। গতকাল **১২** নভেম্বর শনিবার কেরানীগঞ্জ উপজেলার জিনজিরা ইউনিয়ন যুবলীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)।

**৭। সাম্প্রদায়িক সহিংসতা রোধে আইনশৃঙ্খলা বাহিনীকে সচেতন হওয়ার আহ্বান : প্রধান বিচারপতি**

ধর্মীয় সহিংসতা রোধে প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীকে সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। পাশাপাশি ঢাকার দুই সিটি করপোরেশনের অবৈধ দখল উচ্ছেদে কোনো প্রতিবন্ধকতা আসলে বিচার বিভাগ পাশে থাকবে বলেও জানান তিনি। গতকাল **১২** নভেম্বর শনিবার নারিন্দা রোডের শ্রী শ্রী মাধব গৌড়ীয় মঠের ভক্তি বিলাস তীর্থ ভবনের চতুর্থ ও পঞ্চম তলার নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১) **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৮। জিএসপি ফিরিয়ে দিতে নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সরকারের সাথে আলোচনা করবেন বার্নিকাট**

বাংলাদেশের পোশাক খাতে জিএসপি সুবিধা ফিরিয়ে দিতে নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সরকারের সাথে আলোচনা করবেন বলে জানিয়েছেন মার্কিন রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট। গতকাল **১২** নভেম্বর শনিবার গাজীপুরে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)**, ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৯। প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগের ফল প্রকাশ**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য মুক্তিযোদ্ধা কোটায় 'সহকারী শিক্ষক নিয়োগ-২০১৬'এর লিখিত পরীক্ষার ফল গতকাল **১২** নভেম্বর শনিবার প্রকাশ করা হয়েছে। লিখিত পরীক্ষায় ৩৫ হাজার ৪৬৩ জনের মধ্যে ৬ হাজার ৫২৩ জন উত্তীর্ণ হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **যায়যায়দিন** (পৃ.১,ক.১)।

**১০। রাজধানীর স্কুলে ভর্তি ফরম বিতরণ শুরু**

রাজধানীর স্কুলগুলোতে গতকাল **১২** নভেম্বর শনিবার ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ফরম বিতরণ শুরু হয়েছে। বেশিরভাগ স্কুলে সরাসরি ফরম বিক্রি করা হচ্ছে। আবার কোনো কোনো স্কুলের ফরম অনলাইনে ছাড়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতর সূত্র জানায় ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য গতকাল **১২** নভেম্বর শনিবার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ফরম বিতরণ শুরু হয়েছে। আগামী দুই চার দিনের মধ্যেই বেসরকারি সব স্কুল এ কার্যক্রম শুরু করবে। সরকারি স্কুলগুলোতে অনলাইনে ভর্তির আবেদন পাওয়া যাবে ৩০ নভেম্বর থেকে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

**১১। মরক্কোর মারাকেশ সম্মেলনে বাংলাদেশের কার্বন কমানোর উদ্যোগের প্রশংসা পরিবেশের 'অস্কার' পেল বান্দরবানের বেসরকারি সংস্থা তাজিংডং**

মরক্কোর মারাকেশে অনুষ্ঠিত বিশ্ব জলবায়ু সম্মেলনে বাংলাদেশ নিজস্ব উদ্যোগে কার্বন কমানোর পরিকল্পনায় প্রশংসা অর্জন করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

বিশ্বের মর্যাদাপূর্ণ পরিবেশবিষয়ক পুরস্কার 'দ্য এনার্জি গ্লোব অ্যাওয়ার্ড ২০১৬' পেয়েছে বান্দরবানের বেসরকারি সংস্থা তাজিংডংয়ের একটি প্রকল্প। গত ১০ নভেম্বর বৃহস্পতিবার মরক্কোর মারাকেশে বিশ্ব জলবায়ু সম্মেলনে এই পুরস্কার দেওয়া হয়। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ঢাকার দারুস সালামে মোহনা ফিলিং স্টেশনের সামনে বাস কাউন্টার স্থাপনকে কেন্দ্র করে দুটি পক্ষ একে অপরের বিরুদ্ধে পাল্টাপাল্টি মামলা করায় স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রশাসনকে এ ব্যাপারে সক্রিয় হওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** সড়ক পরিবহণ আইনের ৫ বছর আটকে থাকার বিষয় তুলে ধরে ঘটনায় জড়িত চক্রের বিরুদ্ধে সরকারকে আইনি ব্যবস্থা নেওয়ার পাশাপাশি বর্তমান খসড়াটি আইনে পরিণত করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** চট্টগ্রাম-ঢাকা-আশুগঞ্জ নৌপথ উন্নয়নে একনেকে প্রকল্প অনুমোদন হওয়ায় নৌ-অবকাঠামোর উন্নয়নের দ্বারা নৌবাণিজ্য ও পণ্য পরিবহণে গতি বাড়বে বলে প্রত্যাশা।

ঘ. **প্রথম আলো :** যুক্তরাজ্যভিত্তিক জনস্বাস্থ্য ও চিকিৎসা সাময়িকী 'ল্যানসেট' এর নভেম্বরের সংখ্যায় বাংলাদেশে শিশুমৃত্যুর উচ্চহার থাকায় সরকারকে শিশু মৃত্যুর কারণগুলো বিবেচনায় নিয়ে ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঙ. **যুগান্তর, ইনকিলাব :** বিশ্ব অর্থনৈতিক ফোরাম 'গ্লোবাল শেপার্স সার্ভে ২০১৬' শিরোনামে তরুণদের নিয়ে জরিপের ফলাফল সংশ্লিষ্ট সবাইকে গুরুত্বের সঙ্গে আমলে নিয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** সমুদ্রে তেল গ্যাস অনুসন্ধান ও উত্তোলনের জন্য ২৯টি কূপ খননের অনুমোদন দেওয়া দেরি হলে গ্যাস আহরণ কাজে ক্ষতি হওয়ার আশঙ্কা প্রকাশ।

জ. **ডেইলি স্টার :** চট্টগ্রাম মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের কাছে পটিয়ার বাস্তুহারা কলোনি ও বরিশাল বস্তিতে মাদকের ব্যবসা জমজমাট থাকায় জনস্বার্থে কর্তৃপক্ষকে মাদক নিয়ন্ত্রণে জোর তৎপরতা চালানোর সুপারিশ।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** উন্নয়ন পরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়নের পথের বাধাসমূহ দূর করে উন্নয়ন কাজে গতি ত্বরান্বিত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে 'আরও সংস্কার আরও বাস্তবায়ন' এ স্লোগানকে সামনে রেখে এখন সবাইকে একযোগে এগোতে হবে, তাহলেই আর্থিক অন্তর্ভুক্তির বিষয়টি বিশ্বজনীন ও সবার কল্যাণকামী হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় শিশুদের ভবিষ্যৎ'** শিরোনামের নিবন্ধে এনএসএম মোজাম্মেল হক সবচেয়ে বড় দায়িত্ব হলো এ প্রজন্মের শিশুদের ভবিষ্যৎ উন্নয়ন অগ্রযাত্রায় ইতিবাচক ভূমিকার মাধ্যমে এগিয়ে নিয়ে যাওয়া, যেখানে শিশু হবে আধুনিক, যুগোপযোগি এবং দেশের সত্যিকার কর্ণধার বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা